**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 4/20/2023 **গভর্নর ক্যাথি হোকল**

**সেন্ট্রাল ইস্ট এনার্জি কানেক্ট ট্রান্সমিশন প্রকল্পের অগ্রগতি অর্জিত হয়েছে বলে গভর্নর হোকলের ঘোষণা**

***স্কেনেকটেডি কাউন্টিতে প্রিন্সটাউন সাবস্টেশন চালু হওয়া প্রকল্পের কাজ 75 শতাংশ সম্পন্ন হওয়ার মাইলফলকে নিয়ে এসেছে***

***মার্সি থেকে নিউ স্কটল্যান্ড পর্যন্ত 93-মাইল দীর্ঘ ট্রান্সমিশন আপগ্রেড চরম বিরূপ আবহাওয়ার বিরুদ্ধে গ্রিডকে শক্তিশালী করতে সাহায্য করছে এবং নিউ ইয়র্কের নির্মল জ্বালানির লক্ষ্যসমূহ এগিয়ে নিচ্ছে***

***ছবি, CEEC প্রকল্পের মানচিত্র এবং নতুন স্টেটব্যাপী ট্রান্সমিশনে বিনিয়োগের মানচিত্রদেখুন***

গভর্নর ক্যাথি হোকল আজ মোহাক ভ্যালি থেকে সেন্ট্রাল ডিস্ট্রিক্ট পর্যন্ত বিস্তৃত সেন্ট্রাল ইস্ট এনার্জি কানেক্ট (Central East Energy Connect) ট্রান্সমিশন প্রকল্পে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জিত হয়েছে বলে ঘোষণা করেছেন। ওনেইডা কাউন্টির মার্সি এবং আলবানি কাউন্টির নিউ স্কটল্যান্ডের মধ্যকার ট্রান্সমিশন লাইনের সমন্বিত উন্নয়ন স্টেটজুড়ে সাবলীলভাবে নির্মল জ্বালানি পরিবহনে সহায়তা করবে। এই সপ্তাহে ধরিত্রী সপ্তাহ উদযাপন করতে গিয়ে দেওয়া ধারাবাহিক কিছু ঘোষণার অংশ হিসেবে, গভর্নর হোকল স্কেনেকটেডি কাউন্টিতে একটি নতুন সর্বাধুনিক প্রিন্সটাউন সাবস্টেশনের নির্মাণকাজ সম্পন্ন হওয়া এবং সেটি চালু হওয়ার স্বীকৃতি দিয়েছেন, যে সাবস্টেশনটি সেন্ট্রাল ইস্ট এনার্জি কানেক্ট প্রকল্পের অংশ। এই নতুন জ্বালানি অবকাঠামো বিদ্যুৎ স্থানান্তরের সক্ষমতা বৃদ্ধির সুযোগ প্রদান করছে, সম্প্রসারিত নবায়নযোগ্য শক্তির পথগুলোর ক্ষমতায়ন করছে, এবং স্টেটের পাওয়ার গ্রিডের নির্ভরযোগ্যতা ও স্থিতিশীলতা বৃদ্ধি করছে যা স্টেটের জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইনে তুলে ধরা নির্মল জ্বালানির লক্ষ্যগুলোকে এগিয়ে নিচ্ছে।

"জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ের জন্য আমাদের প্রচেষ্টা অব্যাহত রাখার এই সময়ে, নিউ ইয়র্কের ট্রান্সমিশন সিস্টেমের উন্নয়ন করা বিদ্যুৎ ব্যবস্থাকে শক্তিশালী করে তোলা এবং আরো বেশি নবায়নযোগ্য শক্তি যোগ করার জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ অগ্রাধিকারগুলোর একটি হয়ে উঠেছে," **বলেছেন গভর্নর হোকল।** "এই সেন্ট্রাল ইস্ট এনার্জি কানেক্ট প্রকল্পের মাইলফলকের মধ্য দিয়ে, আমরা আবহাওয়ার পরিবর্তনগুলো মোকাবেলা করতে সাহায্য করার জন্য আমাদের

বৈদ্যুতিক গ্রিডের উন্নয়ন করছি, এবং একইসাথে ভালো বেতনের নির্মল জ্বালানি কর্মসংস্থান তৈরিতে সহায়তা করছি।"

মোহাক ভ্যালি ও রাজধানী অঞ্চলের মধ্যবর্তী 93 মাইল দীর্ঘ অঞ্চলে—ঐতিহ্যগতভাবে যা স্টেটের সবচেয়ে বেশি জনাকীর্ণ এনার্জি করিডোরগুলোর মধ্যে একটি—বিদ্যুৎ পরিবহনের সক্ষমতা সম্প্রসারণ করার জন্য 2021 সালের ফেব্রুয়ারি মাসে সেন্ট্রাল ইস্ট এনার্জি কানেক্ট (Central East Energy Connect, CEEC) প্রকল্পের কাজ শুরু হয়। LS পাওয়ার গ্রিড নিউ ইয়র্ক (LS Power Grid New York) এবং নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি (New York Power Authority) কর্তৃক যৌথভাবে বাস্তবায়ন হওয়া CEEC স্টেটজুড়ে আরো বেশি নবায়নযোগ্য শক্তি প্রবাহের সুযোগ করে দেবে এবং এটির দেশের-নেতৃস্থানীয় নির্মল জ্বালানির লক্ষ্যসমূহ, যেমন 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য বিদ্যুৎ উৎপাদন এবং 2040 সালের মধ্যে শূন্য-নির্গমন সম্পন্ন বিদ্যুৎ খাত তৈরি করার লক্ষ্য পূরণের জন্য নিউ ইয়র্ককে সঠিক পথে এগিয়ে যেতে সাহায্য করবে।

**নিউ ইউর্ক পাওয়ার অথরিটির ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট ও CEO জাস্টিন ই. ড্রিসকল বলেন,** "সেন্ট্রাল ইস্ট এনার্জি কানেক্ট প্রকল্পের উল্লেখযোগ্য অগ্রগতির ব্যাপারে আমি অত্যন্ত আনন্দিত, যেটির অধিকাংশ কৃতিত্ব LS পাওয়ার গ্রিড নিউ ইয়র্ক এবং নিউ ইয়র্ক পাওয়ার অথরিটির মধ্যকার সহযোগিতার সম্পর্ক এবং ইউনিয়নের একটি শক্তিশালী কর্মীদলের। এটির মতো ট্রান্সমিশন সিস্টেম উন্নয়ন আমাদেরকে গ্রিডে আরো বেশি নবায়নযোগ্য শক্তি নিয়ে আসার সুযোগ করে দিবে, এবং এর মাধ্যমে জীবাশ্ম জ্বালানির ব্যবহার কমিয়ে আনবে, পরিবেশ উন্নত করবে, এবং গ্রিডকে আরো বেশি শক্তিশালী ও নির্ভরযোগ্য করে তুলবে।"

**নিউ ইয়র্ক স্টেট হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal)-এর কমিশনার রুথ অ্যান ভিসনাউকাস বলেন,** "আজকের ঘোষণা সব নিউ ইয়র্কবাসীর জন্য পরিবেশগত দিক থেকে টেকসই সাশ্রয়ী আবাসনের ব্যবস্থা করার জন্য গভর্নর হোকলের অঙ্গীকারাবদ্ধতাকে অব্যাহত রেখেছে। 15 মিলিয়ন ডলারের ভবিষ্যতের আবাসন উদ্যোগ (Future Housing Initiative) নিউ ইয়র্ক সিটির অধিবাসীদের জন্য 30টি নির্মল, বিদ্যুতায়িত, ও সাশ্রয়ী ভবন উন্নয়নের ব্যবস্থা করবে। এই কর্মসূচি, HCR-এর নির্মল জ্বালানি উদ্যোগের (Clean Energy Initiative) সঙ্গে মিলে, যেটি জ্বালানি-দক্ষতাসম্পন্ন সর্ব-বৈদ্যুতিক সাশ্রয়ী ইউনিট নির্মাণ করতে পারবে এমন ডেভেলপারদের জন্য সাশ্রয়ী আবাসন সংক্রান্ত আর্থিক সুযোগ-সুবিধার সহজতর অ্যাক্সেস প্রদান করছে, আবাসনের ডিকার্বনাইজেশন বাস্তবায়ন করার ক্ষেত্রে নিউ ইয়র্কের অব্যাহতভাবে নেতৃস্থানীয় ভূমিকা পালন করে যাওয়ার বিষয়টি নিশ্চিত করবে। একসঙ্গে মিলে এসব কর্মসূচি শুধু যে আধুনিক, স্থিতিশীল অ্যাপার্টমেন্টকে নিজেদের ঠিকানা হিসেবে পরিচয় দিতে সক্ষম হওয়া লোকদেরকে উপকৃত করবে তাই নয়, বরং ভবনের নির্গমন কমে যাওয়ার কারণে সম্পূর্ণ কমিউনিটিকে উন্নত বায়ুর মান উপভোগ করার সুযোগ প্রদান করবে।"

**LS পাওয়ার গ্রিড নিউ ইয়র্ক-এর CEO পল সেগাল বলেন,** "প্রিন্সটাউন সাবস্টেশন চালু হওয়া LS পাওয়ার গ্রিড নিউ ইয়র্ক এবং নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি টিমের জন্য আরেকটি বড় অর্জন। আমরা এবছর সেন্ট্রাল ইস্ট এনার্জি কানেক্ট প্রকল্প সম্পন্ন হওয়ার জন্য অধীর আগ্রহ

নিয়ে অপেক্ষা করছি, যা নির্ভরযোগ্য নির্মল জ্বালানির দিকে উত্তরণে সাহায্য করতে নিউ ইয়র্ক স্টেটের বিদ্যুৎ ব্যবস্থার এই গুরুত্বপূর্ণ অংশটির আধুনিকায়ন করবে।"

CEEC প্রকল্প এবছরের শেষ নাগাদ সম্পন্ন হওয়ার কথা রয়েছে এবং এটি নিউ ইয়র্ক স্টেটের বর্তমানের ও ভবিষ্যতের বিদ্যুতের প্রয়োজন পূরণ করতে সাহায্য করার জন্য যে লাইনগুলো প্রতিস্থাপন করা হচ্ছে সেগুলোর তুলনায় পাঁচ গুণ বেশি সক্ষমতা প্রদান করবে। 615 মিলিয়ন ডলারের এই প্রকল্প বিদ্যমান ইউটিলিটির ব্যবহারের অধিকার থাকা সম্পত্তির মধ্যে বিদ্যমান লাইন এবং কাঠের পোলকে - যেগুলোর মধ্যে অনেকগুলো প্রায় 60 বছরের পুরোনো - শক্তিশালী ইস্পাতের মনোপোল দিয়ে প্রতিস্থাপন করছে। সর্বমোট, প্রকল্পটি আনুমানিক 1,250টি পুরোনো বিদ্যুৎ পরিবহন অবকাঠামো সরিয়ে ফেলবে এবং সেগুলিকে আনুমানিক 700টি নতুন মনোপোল দিয়ে প্রতিস্থাপন করবে। সেইসাথে, প্রিন্সটাউন সাবস্টেশন চালু হওয়া সম্পর্কে আজকের ঘোষণার মধ্য দিয়ে, প্রকল্পটির দুইটি নতুন সাবস্টেশনের উভয়টি এখন সচল হয়েছে।

নিউ ইয়র্কের লেফটেনেন্ট গভর্নর অ্যান্টনিও ডেলগাডো, নিউ ইয়র্ক ইন্ডিপেন্ডেন্ট সিস্টেম অপারেটর (New York Independent System Operator)-এর প্রেসিডেন্ট ও CEO রিচ ডিউই, এবং স্টেটের বিদ্যুৎ ও পরিবেশ বিষয়ক অন্যান্য প্রতিনিধি 2022 সালের অক্টোবর মাসের একটি ইভেন্টে স্কেনেকটেডি কাউন্টিতে গর্ডন রোড সাবস্টেশন চালু হওয়ার মধ্য দিয়ে প্রকল্পের অগ্রগতি প্রত্যক্ষ করেছিলেন।

**নিউ ইয়র্ক ইন্ডিপেন্ডেন্ট সিস্টেম অপারেটর-এর প্রেসিডেন্ট ও CEO রিচ ডিউই বলেন,** "NYPA এবং LS পাওয়ার গ্রিড নিউ ইয়র্কের অর্জন করা এই গুরুত্বপূর্ণ মাইলফলক বিদ্যুৎ ব্যবস্থাকে শক্তিশালী করে তোলা এবং গ্রিডকে উত্তরণের দিকে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে আরেকটি বৃহৎ অর্জন। সেন্ট্রাল ইস্ট এনার্জি কানেক্ট আমাদের গ্রিড অবকাঠামোর আধুনিকায়ন এবং জলবায়ু পরিবর্তন মোকাবেলার জন্য নিউ ইয়র্ক স্টেটের দেশের নেতৃস্থানীয় কাজ ও অঙ্গীকারাবদ্ধতার একটি বড় উদাহরণ।"

এটি স্টেটজুড়ে বৃহত্তর পরিসরে বিদ্যুৎ পরিবহন প্রকল্পগুলো গড়ে তোলার একটি অংশ, যার মধ্যে 1,000 মাইলেরও বেশি পরিকল্পিত ট্রান্সমিশন বিনিয়োগ রয়েছে যা নিউ ইয়র্কের এমন অংশগুলোর জন্য নবায়নযোগ্য শক্তির সর্বাধিক ব্যবহার করার সুযোগ তৈরি করবে যা বর্তমানে জীবাশ্ম জ্বালানী প্ল্যান্টগুলোর উপর ব্যাপকভাবে নির্ভরশীল হয়ে আছে। CEEC-এর পাশাপাশি, NYPA নর্থ কান্ট্রিতে এটির মোজেস-অ্যাডিরনড্যাক স্মার্ট পাথ নির্ভরযোগ্যতা (Moses-Adirondack Smart Path Reliability) প্রকল্পের কাজ অব্যাহত রেখেছে এবং গত বছরের শেষে স্মার্ট পাথ কানেক্ট (Smart Path Connect) প্রকল্পের নির্মাণকাজ শুরু করেছে, যেটি জাতীয় গ্রিডের সঙ্গে NYPA-এর সম্পন্ন করতে যাওয়া একটি ট্রান্সমিশন প্রকল্প। কয়েকটি বাড়তি সঞ্চালন প্রকল্প নির্মাণের বিভিন্ন পর্যায়ে রয়েছে যার মধ্যে রয়েছে নিউ ইয়র্ক ট্রান্সকো (New York Transco)-এরনিউ ইয়র্ক এনার্জি সল্যুশন (New York Energy Solution), যেটি হাডসন ভ্যালিতে প্রায় 54 মাইল ট্রান্সমিশন লাইন পুনর্নির্মাণ করবে; এবং নেক্সট-এরা এনার্জি ট্রান্সমিশন নিউ ইয়র্ক (NextEra Energy Transmission New York)-এর ওয়েস্টার্ন নিউ ইয়র্কে প্রায় 20 মাইল দৈর্ঘ্যেরএম্পায়ার স্টেট লাইন (Empire State Line) প্রকল্প, যেটি সম্প্রতি সম্পন্ন হয়েছে এবং চালু করা হয়েছে।

দুটি নতুন প্রধান ট্রান্সমিশন এবং নবায়নযোগ্য বিদ্যুৎ প্রকল্প, যেগুলো নিউ ইয়র্ক সিটিতে নির্মল বিদ্যুৎ পরিবহনে সহায়তা করার জন্য 2021 সালে গভর্নর হোকল কর্তৃক নির্বাচিত হয়েছিল, প্রক্রিয়াধীন অবস্থায় আছে এবং অনুমতি পাওয়ার অপেক্ষায় রয়েছে: ক্লিন পাথ নিউ ইয়র্ক (Clean Path New York) হলো NYPA এবং ফরওয়ার্ড পাওয়ার (Forward Power) (ইনভেনার্জি (Invenergy) এবং এনার্জিআরই (energyRe) এর একটি যৌথ উদ্যোগ) এর মধ্যে সহযোগিতার মাধ্যমে উন্নয়নকৃত একটি প্রকল্প যেটি সম্প্রতি এর আর্টিকেল VII পর্যালোচনা সম্পন্ন করছে এবং ট্রান্সমিশন ডেভেলপার্স ইনকর্পোরেটেড কর্তৃক উন্নয়নকৃত চ্যাম্পলেইন হাডসন পাওয়ার এক্সপ্রেস (Champlain Hudson Power Express) ট্রান্সমিশন প্রকল্প।

সেন্ট্রাল ইস্ট এনার্জি কানেক্ট প্রকল্প সম্পর্কে আরো তথ্যের জন্য CEEC প্রকল্পের ওয়েবসাইটে ভিজিট করুন। লাইন নির্মাণ সংক্রান্ত সাম্প্রতিক ছবিগুলো দেখুন।

**নিউ ইয়র্ক স্টেটের সিনেট এনার্জি কমিটির সভাপতি কেভিন পার্কার বলেন,** "নিউ ইয়র্কের নির্মল জ্বালানি প্রায় সম্পন্ন করার জন্য গভর্নর হোকল এবং সব পক্ষ যে কাজ সম্পন্ন করেছে তার মধ্য দিয়ে আমরা সঠিক দিয়ে এগিয়ে যাচ্ছি। NY স্টেটে আরো বেশি নবায়নযোগ্য শক্তি থাকা আগামী প্রজন্মগুলোকে উপকৃত করবে। জলবায়ু পরিবর্তন মোকাবেলায় এবং আমাদের বিদ্যুৎ গ্রিডকে সত্যিকারের নির্মল, সবুজ এবং নবায়নযোগ্য হিসেবে রূপান্তর করার জন্য গভর্নর হোকলের অঙ্গীকারাবদ্ধতার জন্য আমি তাকে সাধুবাদ জানাই।"

**নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলি এনার্জি কমিটির সভাপতি ডিডি ব্যারেট বলেন,** "আমাদের CLCPA লক্ষ্যসমূহ অর্জনের জন্য আমাদের বিদ্যুৎ গ্রিডের নির্ভরযোগ্যতা বৃদ্ধি করা অপরিহার্য, এবং আমাদের ট্রান্সমিশন সিস্টেমের আধুনিকায়ন করা নিউ ইয়র্ক স্টেট জুড়ে নির্মল জ্বালানির একটি নিরাপদ ও নির্ভরযোগ্য প্রবাহ নিশ্চিত করার একটি গুরুত্বপূর্ণ অংশ। আজ প্রিন্সটাউন সাবস্টেশনের নির্মাণকাজ সম্পন্ন হওয়া সেন্ট্রাল ইস্ট এনার্জি কানেক্ট প্রকল্প সম্পন্ন করার পথে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। আমি গভর্নর হোকলকে তার নেতৃত্বের জন্য ধন্যবাদ জানাই।"

**নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু পরিকল্পনা**
নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু এজেন্ডা একটি সুশৃঙ্খল ও ন্যায্য পরিবর্তনের দাবি জানায় যেটি পরিবার চালানোর উপযোগী কর্মসংস্থান তৈরি করবে, সব খাতে সবুজ অর্থনীতি লালন করা অব্যাহত রাখবে এবং নির্মল জ্বালানি সংক্রান্ত বিনিয়োগের 40 শতাংশ সুফল পৌঁছে দেওয়ার লক্ষ্য স্থির রেখে অন্তত 35 শতাংশ যেন সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলোর কাছে পৌঁছায় তা নিশ্চিত করবে। দেশের সব থেকে আগ্রাসী কিছু জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তি উদ্যোগসমূহ দ্বারা নির্দেশিত হয়ে নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে নিঃসরণমুক্ত বিদ্যুৎখাত অর্জনের পথে রয়েছে, যার মধ্যে রয়েছে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং শতাব্দীর অর্ধেক পার হওয়ার পূর্বে অর্থনীতিব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন। এই পরিবর্তনের একটি ভিত্তি হলো নিউ ইয়র্কের অভূতপূর্ব নির্মল জ্বালানি বিনিয়োগ, যার মধ্যে রয়েছে স্টেট জুড়ে 120টি বড়-মাত্রার নবায়নযোগ্য ও বিতরণের প্রকল্পে 35 বিলিয়ন ডলারের বেশি, বিল্ডিং থেকে নির্গমন হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন ডলার, সৌর বিদ্যুতের মাত্রা বৃদ্ধি করার জন্য 1.8 বিলিয়ন ডলার, নির্মল পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন ডলারের বেশি, এবং NY

গ্রীন ব্যাংক-এর প্রতিশ্রুতিতে 1.8 বিলিয়ন ডলারের বেশি বিনিয়োগ। এগুলো এবং অন্যান্য বিনিয়োগ 2021 সালে নিউ ইয়র্কের নির্মল জ্বালানি খাতে 165,000 এরও বেশি চাকরি, এবং 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ প্রবৃদ্ধি সমর্থন করছে। এছাড়া, গ্রিনহাউস গ্যাস নির্গমন কমানো এবং বায়ুর মান উন্নত করার জন্য, নিউ ইয়র্ক শূন্য-নির্গমনসম্পন্ন যানবাহন সম্পর্কিত বিধিমালা গ্রহণ করেছে, যার মধ্যে 2035 সালের মধ্যে স্টেটে বিক্রি হওয়া সব যাত্রীবাহী গাড়ি ও ট্রাক শূন্য-নির্গমনসম্পন্ন হওয়া আবশ্যক হওয়ার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। প্রায় 400 নিবন্ধিত এবং 100 প্রত্যয়িত জলবায়ু স্মার্ট সম্প্রদায় (Climate Smart Communities), প্রায় 500 পরিচ্ছন্ন শক্তি সম্প্রদায় (Clean Energy Communities), এবং বায়ু দূষণে হস্তক্ষেপ করতে সাহায্য করার জন্য এবং জলবায়ু পরিবর্তনের সাথে লড়াই করার জন্য স্টেটব্যাপী 10টি সুবিধাবঞ্চিত সম্প্রদায়ে স্টেটের বৃহত্তম সমপর্যায়ের বায়ু পর্যবেক্ষণ উদ্যোগ নিয়ে অংশীদারিত্বসমূহ নিউ ইয়র্কের জলবায়ু কর্মকাণ্ডকে অগ্রসর করা অব্যাহত রেখেছে।

**LS পাওয়ার সম্পর্কে**

LS পাওয়ার গ্রিড নিউ ইয়র্ক হচ্ছে নিউ ইয়র্কের জন্য নির্ভরযোগ্য ও ব্যয়-সাশ্রয়ী বিদ্যুৎ পরিবহন অবকাঠামো প্রদান করার জন্য নিবেদিত একটি LS পাওয়ার কোম্পানি। LS পাওয়ার একটি উন্নয়ন, বিনিয়োগ এবং অপারেটিং কোম্পানি উত্তর আমেরিকার বিদ্যুৎ ও জ্বালানি অবকাঠামো খাতে মনোযোগ প্রদান করে। 1990 সালে কার্যক্রম শুরুর পর থেকে, 680 মাইলেরও বেশি উচ্চ ভোল্টেজের ট্রান্সমিশন উন্নয়ন সম্পন্ন করার পাশাপাশি, LS পাওয়ার 46,000 মেগাওয়াটের চেয়েও বেশি বিদ্যুৎ উৎপাদন উন্নয়ন, নির্মাণ, ব্যবস্থাপনা বা অধিগ্রহণ সম্পন্ন করেছে, যার মধ্যে ইউটিলিটি-স্কেল-সোলার, বায়ুশক্তি, জলবিদ্যুৎ, প্রাকৃতিক গ্যাস দ্বারা চালিত এবং ব্যাটারিতে বিদ্যুৎ সংরক্ষণ প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে। সেইসাথে, LS পাওয়ার নবায়নযোগ্য শক্তি ও জ্বালানির প্রতি মনোযোগ দেওয়া ব্যবসা প্রতিষ্ঠানগুলোতে এবং সেইসাথে ডিস্ট্রিবিউটেড জ্বালানি সংস্থান প্ল্যাটফর্ম, যেমন সি পাওয়ার এনার্জি ম্যানেজমেন্ট (CPower Energy Management), এনডুরেন্ট এনার্জি (Endurant Energy) এবং EV-গো (EVgo), ইত্যাদিতে সক্রিয়ভাবে বিনিয়োগ করছে'। এটির প্রচেষ্টাগুলো জুড়ে LS পাওয়ার নর্থ আমেরিকান অবকাঠামোকে সহায়তা করার জন্য ঋণ ও ইক্যুইটি অর্থায়ন হিসেবে অতিরিক্ত 49 বিলিয়ন ডলার উত্তোলন করেছে। আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে www.LSPower.com ওয়েবসাইট দেখুন

**NYPA সম্পর্কে**

NYPA হল স্টেটের সব থেকে বড় পাবলিক পাওয়ার অর্গানাইজেশন, যা 16 টি জেনারেটিং ফেসিলিটি এবং ট্রান্সমিশন লাইনের 1,400 এর বেশি সার্কিট- মাইল পরিচালনা করে। NYPA দ্বারা 80 শতাংশের বেশি বিদ্যুৎ পরিষ্কার রিনিউএবল হাইড্রোপাওয়ার উৎপন্ন করে। NYPA বিদ্যুৎ বিক্রি করা এবং বন্ড বিক্রি করার মাধ্যমে উপার্জন করা অধিকাংশ রাজস্ব ব্যবহার করে এটির কার্যপরিচালনার জন্য অর্থায়ন করে থাকে। আরো তথ্যের জন্য ভিজিট করুন www.nypa.gov ঠিকানায় এবং আমাদেরকে অনুসরণ করুন টুইটারে (Twitter) @NYPAenergy, ফেসবুকে (Facebook), ইনস্টাগ্রামে (Instagram), টাম্বলারে (Tumblr) ও লিংকডইনে (LinkedIn)।

**সেন্ট্রাল ইস্ট এনার্জি কানেক্ট সম্পর্কে**

সেন্ট্রাল ইস্ট এনার্জি কানেক্ট প্রকল্প মার্সি টাউন এবং নিউ স্কটল্যান্ড টাউনের মধ্যকার বিদ্যমান ইউটিলিটি করিডোরগুলোর মধ্যে বিদ্যুৎ পরিবহনের ফ্যাসিলিটিগুলো উন্নত করবে। এসব উন্নয়ন নিউ ইয়র্কের বৈদ্যুতিক গ্রিডের সীমাবদ্ধতা দূর করতে সাহায্য করবে, নবায়নযোগ্য শক্তিকে সহায়তা করবে, নির্ভরযোগ্যতা উন্নত করতে পুরোনো হয়ে যাওয়া অবকাঠামোকে প্রতিস্থাপন করবে, এবং নিউ ইয়র্ক স্টেটজুড়ে ব্যবসা প্রতিষ্ঠান ও অধিবাসীদেরকে আরো অনেক সুবিধা প্রদান করবে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418